



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com



স্মারক নং : মাউশিবোদি/পনি/পরী/এইচএসসি/২০২০/৩৫১২(১০০০)

তারিখ : ০২/০২/২০২১ খ্রিঃ

এইচএসসি পরীক্ষা-২০২০ এর অব্যয়িত কেন্দ্র ফি এবং বোর্ড ফি ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

কোভিড-১৯ মহামারির কারণে ২০২০ সালের এইচএসসি পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয় এবং গত ০৭ অক্টোবর ২০২০ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় উক্ত পরীক্ষার ফরম পূরণকারী পরীক্ষার্থীদের এসএসসি/সমমান এবং জেএসসি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২০২০ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের নির্দেশনা প্রদান করেন। তাই পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত অর্থ এবং ব্যবহারিক ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃবোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৫৮ তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় যা আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির ৫২৮ তম সভায় অনুমোদিত হয়।

২০২০ সালের এইচএসসি/সমমান পরীক্ষার অব্যয়িত বোর্ড ফি ও কেন্দ্র ফি ফেরত প্রদান :

- ১। বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত : ২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছে তাদের প্রবেশপত্রে উল্লিখিত প্রতিটি পত্রের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে পত্র প্রতি (তৃতীয়) ৩০.০০ (ত্রিশ) টাকা করে এবং ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি ১০.০০ (দশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।
বোর্ড কর্তৃক ফেরত প্রদানের অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে। পরীক্ষার্থী নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ গ্রহণ করবে।
- ২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রাপ্য : সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্র ফি বাবদ আদায়কৃত টাকার ১০% এবং আইসিটি ব্যবহারিক বিষয়ের জন্য আদায়কৃত ফি থেকে পরীক্ষার্থী প্রতি ২০.০০ (বিশ) টাকা প্রাপ্য হবে, যা দ্বারা ফরম পূরণ ও আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করবে।
- ৩। আইসিটি ব্যবহারিক ফি থেকে পরীক্ষার্থীর প্রাপ্য : শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজ নিজ প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের নিকট হতে আইসিটি ব্যবহারিক বিষয়ের জন্য আদায়কৃত ফি থেকে পরীক্ষার্থী প্রতি ২৫ টাকা করে ফেরত প্রদান করবে।
- ৪। কেন্দ্র ফি হতে পরীক্ষার্থীকে ফেরত : ২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছে তাদের কেন্দ্র ফি হতে পরীক্ষার্থী প্রতি ২০০.০০ (দুইশত) টাকা করে এবং প্রবেশপত্রে উল্লিখিত আইসিটি ব্যতীত সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি আরও অতিরিক্ত ৪৫.০০ (পঁয়তাল্লিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত টাকা পরীক্ষার্থীর নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন এবং পরীক্ষার্থী নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে উক্ত টাকা গ্রহণ করবে।
- ৫। পরীক্ষা কেন্দ্রের প্রাপ্য : ২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় কেন্দ্রসমূহ কেন্দ্রভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে শুধুমাত্র পরীক্ষার্থী প্রতি ১৬০.০০ (একশত ষাট) টাকা করে প্রাপ্য হবে। কেন্দ্র উক্ত অর্থ পরীক্ষার গোপনীয় কাগজ পরিবহন ও বোর্ডে জমাদান, সংরক্ষণ এবং প্রশাসনিকসহ যাবতীয় ব্যয় নির্বাহ করবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর

টেলিফোন নম্বর : ০৫৩১-৫১৮৮১ (অফিস)

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ০৪। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৫। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান/কেন্দ্র।
- ০৬। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৯। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
- ১২। Website Copy।
- ১৩। সংরক্ষণ নথি।